



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
E-mail: dgmcbcd@krishibank.org.bd



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০২০-২০২১/১১১

তারিখঃ ২৩.০৭.২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় :- স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৬.০৬.২০২০ এবং ২৮.০৫.২০২০ তারিখের পত্র নং যথাক্রমে ১৪০৭ এবং ১৩৩৩ এর প্রতি সর্বেশ্রুত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত পত্রদ্বয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং যথাক্রমে ২০/২০২০ এবং ১৮/২০২০ এ প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে করোনা ভাইরাস সংক্রমিত বিভিন্ন জোনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

০২। এক্ষণে, স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(ক) সরকার/স্থানীয় প্রশাসন কর্তৃক ঘোষিত করোনা ভাইরাস সংক্রমিত রেড জোন এলাকায় অবস্থিত এ ব্যাংকের কার্যালয়/শাখাসমূহ কর্তৃক প্রধান কার্যালয়ের অত্র বিভাগের পত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৯-২০২০/১৪০৭ তারিখ : ১৬.০৬.২০২০ এর নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

(খ) রেড জোন ব্যতিত অন্যান্য এলাকায় অবস্থিত কার্যালয়/শাখাসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ তারিখ : ২৮.০৫.২০২০ এ সংযুক্ত ডিওএস সার্কুলার লেটার নং-১৯ তারিখ : ১৫.১০.২০০৯ এর নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত সময়সীমা অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

দিবস	অফিস সময়সূচি	লেনদেন সময়সূচি
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৬.০০ ঘটিকা পর্যন্ত। বেলা ২.০০ ঘটিকা হতে ২.৩০ ঘটিকা পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি।	সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত।
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি	


- নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতিকালে লেনদেন কার্যক্রম অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

(গ) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ এবং অফিস কর্মপরিবেশে সামাজিক দূরত্ব বজায় রেখে নির্বাহী/ কর্মকর্তা/ কর্মচারীদের ব্যাংকের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখতে হবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী এবং সম্ভব সম্ভবা নারীগণকে কর্মস্থলে উপস্থিতি হতে বিরত রাখা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি এবং বাংলাদেশ ব্যাংক ও প্রধান কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক উল্লিখিত নির্দেশনাসমূহ পরিপালনের মাধ্যমে সামাজিক দূরত্ব বজায় রেখে পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২০-২০২১/ ১১১

তারিখঃ ২৩.০৭.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।



(মুহাম্মদ তাইবুর রহমান)

সহকারী-মহাব্যবস্থাপক